**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 20-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী বৃহস্পতিবার 'অমৃত ভারত' প্রকল্পের আওতায় ১০৩টি স্টেশনের উদ্বোধন করবেন। # এর মধ্যে এই রাজ্যের তিনটি স্টেশন রয়েছে।

# আগামী ২৯ তারিখ প্রধানমন্ত্রী আলিপুরদুয়ার যাওয়ার কথা।

২/ রাজ্যে আগামী বৃহস্পতিবার থেকে তিনদিনের বেসরকারি বাস ধর্মঘটের ডাক।

৩/ অতিরিক্ত শূন্য পদ তৈরি করে কর্মশিক্ষা ও শারীর শিক্ষায় নিয়োগের মামলায় কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ, 'অন্তর্বর্তী স্থগিতাদেশ' বহাল রেখেছে।

# কলকাতা হাইকোর্টে প্রাথমিকে ৩২ হাজার কর্মরত শিক্ষকের চাকরি বাতিল মামলার শুনানিতে প্রাথমিক শিক্ষা পর্ষদ আজ তাদের বক্তব্য পেশ করেছে।

৪/ জাতীয় মেডিক্যাল কমিশন, আট দফা অভিযোগের ভিত্তিতে কলকাতার নীলরতন সরকার হাসপাতালকে 'শো কজ' করেছে।

৫/ 'অপারেশন সিন্দুর'-এর প্রেক্ষিতে কেন্দ্রের পাঠানো সর্বদলীয় প্রতিনিধি দলে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম প্রস্তাব করা হয়েছে।

৫/ কলকাতার ইডেন গার্ডেন্সে IPL-এর ফাইনাল হচ্ছে না।

*************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী বৃহস্পতিবার, ২২ শে মে, 'অমৃত ভারত' প্রকল্পের আওতায় নব রূপে সজ্জিত ১০৩ টি স্টেশনের উদ্বোধন করবেন। এর মধ্যে রয়েছে, এ রাজ্যে পুরুলিয়ার জয়চন্ডী পাহাড়, পশ্চিম বর্ধমানের পানাগড় এবং নদীয়ার কল্যাণীর ঘোষপাড়া স্টেশন। এছাড়া বাংলার আরও একশোটি স্টেশনের উন্নয়নের কাজ চলছে এই প্রকল্পের অধীনে।

স্টেশনগুলিতে যাত্রী স্বাচ্ছন্দ্যের জন্য রয়েছে লিফ্ট, আধুনিক টিকিট কাউন্টার, উন্নত মানের বিশ্রাম কক্ষ, ও ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের জন্য আলাদা শৌচালয় ইত্যাদি।

***********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২২'শে মে ১০৩ টি অমৃত ভারত স্টেশনকে যে জাতির উদ্দেশে উৎসর্গ করবেন, এই নিয়ে আগামীকাল শুনবেন বিশেষ আলোচনা- 'অমৃত ভারত স্টেশন' ।

অংশ নিয়েছেন, পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের জনসংযোগ আধিকারিক একলব্য চক্রবর্তী এবং আসানসোল ডিভিশনের জনসংযোগ আধিকারিক বিপ্লব বাউরী।
সংকলনে কল্যাণ লাহা।
অনুষ্ঠানটি শুনবেন আগামীকাল সকাল সাড়ে নয়টায় গীতাঞ্জলি এবং DTH বাংলায় এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

***********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মে আলিপুরদুয়ারে এক জনসভায় যোগ দেবেন। বিজেপির পক্ষ থেকে জানানো হয়েছে, আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে ওই জনসভা সেরে প্রধানমন্ত্রী সিকিমে যাবেন।
প্রধানমন্ত্রীর সফরের আগে আলিপুরদুয়ারে সাংসদ মনোজ টিজ্ঞা, জেলা বিজেপি নেতারা আজ প্যারেড ময়দান পরিদর্শন করেন। খতিয়ে দেখেন প্রস্তুতি।

***********************

রাজ্যে আগামী বৃহস্পতিবার ২২শে মে থেকে তিনদিনের বেসরকারি বাস ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে। সরকারের সঙ্গে আলোচনা ব্যর্থ হওয়ায় ৭'টি সংগঠন এই ধর্মঘটে সামিল হওয়ার কথা জানিয়েছে।

জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেট-এর সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় বলেছেন, বাধ্য হয়েই তাঁরা ধর্মঘটে সামিল হচ্ছেন।

( বাইট- তপন )

এদিকে, ২২, ২৩ ও ২৪শে মে টানা তিনদিন ধর্মঘট হলে, সাধারণ মানুষ দুর্ভোগে পড়বেন বলে আশঙ্কা করা হচ্ছে।

**********************

কলকাতা হাইকোর্টে প্রাথমিকে ৩২ হাজার কর্মরত শিক্ষকের চাকরি বাতিল মামলার শুনানিতে প্রাথমিক শিক্ষা পর্ষদের পক্ষে আজ তাঁদের বক্তব্য পেশ করা হয়।

দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে পর্ষদের পক্ষে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত বলেন, প্রাথমিকে টাকার বিনিময়ে কারোর চাকরী হয় নি। এক্ষেত্রে দুর্নীতির যে অভিযোগ আনা হচ্ছে, তার কোন প্রমাণ'ও নেই। পরিসংখ্যান দিয়ে তিনি জানান, ২০১৪ সালে টেট পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলেন প্রায় এক লক্ষ ২০ হাজার জন। এর মধ্যে ৪২ হাজার ৯৪৯ জন চাকরী পান। এতোজনের মধ্যে ৫৭/৫৮ জনকে ইন্টারভিউতে বেশী নম্বর দেওয়ার যে অভিযোগ উঠেছে, তার ভিত্তিতে পুরো নিয়োগ বাতিল করা যায় কিনা, সেই প্রশ্ন'ও তোলেন অ্যাডভোকেট জেনারেল।

মামলার পরবর্তী শুনানি আগামী ১২'ই জুন।

উল্লেখ্য, ২০১৪-র টেট পরীক্ষার ভিত্তিতে ২০১৬ সালের এই নিয়োগ প্রক্রিয়ায় একাধিক ত্রুটি রয়েছে- এই অভিমত ব্যক্ত করে প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় প্রায় ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন। যদিও ডিভিশন বেঞ্চ 'স্থগিতাদেশ' দেওয়ায় এখনো কারো চাকরি বাতিল হয়নি।

প্রাথমিক শিক্ষা পর্ষদ এই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে আদালতের দ্বারস্থ হয়। আজ তারই শুনানি ছিল।

এর আগে গত ৭ই মের শুনানিতে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল জানিয়েছিলেন, সিঙ্গেল বেঞ্চের বিচারপতি, প্রাথমিক শিক্ষা পর্ষদের বক্তব্য ভালো করে না শুনেই একতরফা চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন। নিয়োগের ক্ষেত্রে কোথাও বেআইনি কিছু হয়নি।

************************

'সুপার নিউমেরারী' বা অতিরিক্ত শূন্য পদ তৈরি করে কর্মশিক্ষা ও শারীরশিক্ষায় নিয়োগের মামলায় কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ অন্তর্বর্তী স্থগিতাদেশ বহাল রেখেছে। এর ফলে আপাতত অতিরিক্ত শূন্য পদে কোনরকম নিয়োগ করা যাবে না।

দুই বিচারপতি সৌমেন সেন ও স্মিতা দাশ দে-র ডিভিশন বেঞ্চ, সিঙ্গল বেঞ্চের নির্দেশই বহাল রাখেন। গত ৭-ই মে বিচারপতি বিশ্বজিৎ বসু এই নিয়োগের ওপর স্থগিতাদেশ জারি করেন। মামলার নিঃস্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিতাদেশ বহাল রাখার কথাও বলেন তিনি। এই নির্দেশের বিরুদ্ধে ডিভিশন বেঞ্চে আপিল করেছিল রাজ্য। যা আজ খারিজ হয়ে গেল। মামলার পরবর্তী শুনানি ১৮'ই জুন।

************************

সসম্মানে চাকরিতে ফেরানো এবং ৬০ বছর পর্যন্ত স্বপদে বহাল রাখার জন্য মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর কাছে দাবি জানিয়েছে চাকরিহারাদের নতুন সংগঠন 'ওয়েস্ট বেঙ্গল আনটেন্টেড টিচার্স অ্যাসোসিয়েশন'। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে এই সংগঠনের সভাপতি মৃন্ময় মন্ডল বলেন, মুখ্যমন্ত্রীকে আইনি লড়াইয়ের মাধ্যমে বৈধভাবে নিয়োগ পাওয়া শিক্ষক-শিক্ষিকাদের চাকরি সুনিশ্চিত করতে হবে। সরকার নতুন করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তোড়জোড় শুরু করলেও, তাঁরা দ্বিতীয়বার পরীক্ষা দেবেন না বলে জানিয়েছেন।

উল্লেখ্য এই দাবিতে আগেই মুখ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী, মুখ্যসচিব এবং এসএসসি চেয়ারম্যানকে চিঠি দিয়েছে নতুন এই সংগঠনটি। শিক্ষামন্ত্রী সঙ্গেও বসার দাবি জানিয়েছেন তাঁরা।

অন্যদিকে বিকাশ ভবনের সামনে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের অবস্থান কর্মসূচিতে যোগ্য দৃষ্টিহীন শিক্ষক-শিক্ষিকারা নিজেদের অসহায় অবস্থার কথা তুলে ধরেন। পথনাটক এবং ছবি এঁকে প্রতিবাদে শামিল হন আন্দোলনকারীরা।

এদিকে বিকাশ ভবনের সামনে আন্দোলনরত আরেকটি সংগঠনের সঙ্গে আগামীকাল দেখা করবেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

***********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৫ শে মে , আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব।

ওইদিন বেলা ১১ টা থেকে আকাশবাণীর সবকটি কেন্দ্র, সোশ্যাল মিডিয়া এবং দূরদর্শনে মন কি বাত সরাসরি সম্প্রচারিত হবে।

জনগণ এই অনুষ্ঠানের জন্যে টোল ফ্রি ১৮০০-১১-৭৮০০ নম্বরে তাদের মতামত এবং পরামর্শ জানাতে পারবেন। আগামী শুক্রবার ২৩ শে মে পর্যন্ত নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামে অনলাইনে মতামত জানানো যাবে।

***********************

স্পটলাইট অনুষ্ঠানে আজ শুনবেন 'অপারেশন সিন্দুর'-এর সাফল্য শীর্ষক আলোচনার দ্বিতীয় তথা শেষ পর্ব। এতে অংশ নিয়েছেন সেনাবাহিনীর প্রাক্তন কর্নেল সব্যসাচী বাগচী এবং বিমানবাহিনীর প্রাক্তন আধিকারিক শ্যামল ভট্টাচার্য। সাক্ষাৎকার নিয়েছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শুনতে পাবেন সঞ্চয়িতা প্রচারতরঙ্গে আজ রাত আটটা বেজে ৩০ মিনিটে। একই সঙ্গে আকাশবাণী সংবাদের সব সোশ্যাল মিডিয়া পেজে তা একযোগে প্রচারিত হবে।

**********************

জাতীয় মেডিকেল কমিশন, চিকিৎসকদের হাজিরা এবং MBBS পরীক্ষায় অনিয়ম-সহ মোট ৮ দফা অভিযোগের ভিত্তিতে কলকাতার নীলরতন সরকার মেডিক্যাল কলেজ ও হাসপাতালকে শোকজ করেছে। যথাযথ উত্তর না দিলে প্রতি অনিয়মের জন্য এক কোটি টাকা করে জরিমানার করা হতে পারে বলে জানানো হয়েছে। কমিশনের পাঠানো নোটিশে অভিযোগ করা হয়েছে, NRS -এর ২০টি বিভাগের মধ্যে ১৮টিতে চিকিৎসকদের হাজিরার রেকর্ডে অনিয়ম রয়েছে। MBBS পরীক্ষা চলাকালীন পরীক্ষাকেন্দ্রে অননুমোদিত ভিড়ের ঘটনাও চিহ্নিত করা হয়েছে। অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, ফরেনসিক ও ফিজিওলজি বিভাগে কোনও সিনিয়র রেসিডেন্ট চিকিৎসক নেই বলেও অভিযোগ।

এছাড়া হাসপাতালের রেকর্ড অনুযায়ী, বর্তমানে ৭৩ শতাংশ বেড়ে রোগী ভর্তি রয়েছেন। কত রোগীর মৃত্যু হয়েছে, কতজন চিকিৎসা পেয়েছেন এবং কত অস্ত্রোপচার হয়েছে শোকজ নোটিসে এই সমস্ত তথ্য চেয়ে পাঠানো হয়েছে।

**********************

সন্ত্রাসবাদ প্রতিরোধে ভারতের অবস্থান এবং 'অপারেশন সিন্দুর' নিয়ে অবহিত করতে কেন্দ্র বিভিন্ন দেশে যে সংসদীয় প্রতিনিধি দল পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে, তাতে তৃণমূল কংগ্রেসের তরফে নেতা নির্বাচিত করা হয়েছে সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে।

দলের তরফে আজ এক্স হ্যান্ডেলে এই কথা জানানো হয়। এর আগে দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, অভিষেকের নাম সুপারিশ করেন।

কেন্দ্র, এই প্রতিনিধি দলে সাংসদ ইউসুফ পাঠানের নাম মনোনীত করার পর মুখ্যমন্ত্রী তাতে আপত্তি জানিয়ে তাঁদের কোনো সাংসদকে না পাঠানোর কথা বলেন। এরপরেই সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু টেলিফোনে মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেন। সেখানেই তিনি সুপারিশ করেন দলের সাধারণ সম্পাদক অভিষেকের নাম।

মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছিলেন, পহেলগাও হামলা ও অপারেশন সিঁদুর-এর পর কেন্দ্রের বিদেশ নীতির প্রতি তৃণমূল কংগ্রেসের পূর্ণ সমর্থন রয়েছে।

এদিকে, তৃণমূল কংগ্রেস কাশ্মীরে এক প্রতিনিধি দল পাঠাচ্ছে। পাঁচ সদস্যের এই প্রতিনিধি দলে আছেন মানস ভুঁইঞা, সাগরিকা ঘোষ, মমতাবালা ঠাকুর, ডেরেক ও' ব্রায়েন ও নাদিমুল হক। আগামীকাল তাঁরা রওনা দেবে। শ্রীনগর পৌছে এই প্রতিনিধি দল পুঞ্চ এবং রাজৌরির একাধিক ক্ষতিগ্রস্ত গ্রাম পরিদর্শন করবেন।

***********************

'অপারেশন সিন্দুর'-এর সাফল্যে ভারতীয় সেনাকে অভিনন্দন জানিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ নদিয়ায় দলের পক্ষ থেকে তিরঙ্গা যাত্রায় অংশ নিচ্ছেন।

***********************

'অপারেশন সিন্দুর'-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকার ও সেনাবাহিনী বুঝিয়ে দিয়েছে যেকোনো রকম নাশকতামূলক কাজের যোগ্য জবাব দিতে ভারত প্রস্তুত- বললেন প্রবীণ চিত্র পরিচালক হরিনাথ চক্রবর্তী। আকাশবাণীকে তিনি বলেন, যে কোনো রকম জাতীয় সমস্যার ক্ষেত্রে সব ভারতবাসী একসঙ্গে লড়াই করতে প্রস্তুত।

( বাইট- হরনাথ চক্রবর্তী )

***********************

উত্তরবঙ্গ সফরের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ শিলিগুড়ি ফুলবাড়ীতে এক প্রশাসনিক সভায় যোগ দেন । ভিডিওকন ময়দানে আয়োজিত ওই সভা থেকে তিনি কন্যাশ্রী, রূপশ্রী সহ সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা তুলে দেন প্রাপকদের হাতে। এছাড়াও বিভিন্ন জেলার জন্য একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন তিনি।

***********************

কলকাতার ইডেন গার্ডেন্সে হচ্ছে না IPL-এর ফাইনাল। গুজরাটের আমেদাবাদ নরেন্দ্র মোদি স্টেডিয়ামে ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে বলে BCCI জানিয়েছে। এই মাঠেই হবে দ্বিতীয় কোয়ালিফায়ার ম্যাচ। কোয়ালিফায়ার ওয়ান এবং এলিমিনেটর ম্যাচ হবে পাঞ্জাবের নিউ চন্ডিগড় এর নতুন পিসিএ স্টেডিয়ামে। প্লে অফের পরিবর্তিত সূচিতে প্রথম কোয়ালিফায়ার হবে মে মাসের ২৯ তারিখ। এরপর মে মাসের ৩০ তারিখ হবে এলিমিনেটর। জুনের ১ তারিখ হবে দ্বিতীয় কোয়ালিফায়ার এবং ফাইনাল হবে ৩রা জুন অর্থাৎ মঙ্গলবার।

*****************************************************************